

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ২২৫২

২২/ নিষিদ্ধ কার্যাবলী

পরিচ্ছেদঃ দুর্নীতি, অন্যায়-অত্যাচার করা হারাম এবং অন্যায়ভাবে নেওয়া জিনিস ফেরৎ দেওয়া জরুরী

আরবী

وَعَنْ أَبِيْ قَتَادَةَ الحَارِثِ بنِ رِبِعِيِّ عن رَسُولِ الله عَلَيْ أَنَّهُ قَامَ فِيهِم، فَذَكَرَ لَهُمْ أَنَّ الجهَادَ في سَبِيلِ الله، وَالإِيمَانَ بالله أَفْضَلُ الأَعْمَالِ فَقَامَ رَجُلٌ فَقَالَ : يَا رَسُولَ الله أَرَأَيْتَ إِنْ قُتِلْتُ في سَبِيلِ الله تُكَفَّرُ عَنِي خَطَايَايَ ؟ فَقَالَ لَهُ رَسُولِ الله عَلَيْ نَعَمْ، إِنْ قُتِلْتَ فِي سَبِيلِ اللهِ، وَأَنْتَ صَابِرٌ مُحْتَسِبٌ، مُقْبِلٌ غَيرُ مُدْبِر ثُمَّ قَالَ رَسُولَ الله عَلَيْ لَكُ رَسُولَ الله عَلَيْ كَيْ مُدْبِر ثُمَّ قَالَ رَسُولَ الله عَلَيْ كَيْ كُنْ عَني خَطَايَايَ ؟ فَقَالَ لَهُ رَسُولَ كَيْفَ قُلْتَ قَالَ : أَرَأَيْتَ إِنْ قُتِلْتُ في سبيلِ الله أَتُكَفَّرُ عَني خَطَايَايَ ؟ فَقَالَ لَهُ رَسُولَ كَيْفَ قُلْتَ قَالَ : أَرَأَيْتَ إِنْ قُتِلْتُ في سبيلِ الله أَتُكَفَّرُ عَني خَطَايَايَ ؟ فَقَالَ لَهُ رَسُولَ كَيْفَ قُلْتَ قَالَ : فَوَالَ لَهُ رَسُولَ الله عَلِي لَا الله عَلَيْ نَعَمْ وَأَنْتَ صَابِرٌ مُحْتَسِبٌ مُقْبِلٌ غَيرُ مُدْبِرٍ إِلاَّ الدَّيْنَ ؛ فإنَّ جبريلَ قَالَ لي ذلِكَ رَاهُ مسلم

বাংলা

(২২৫২) আবৃ কাতাদাহ হারেস ইবনে রিবয়ী (রাঃ) থেকে বর্ণিত, একদা রাস্লুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম (সাহাবীদের) মাঝে দাঁড়ালেন। অতঃপর তাঁদের জন্য বর্ণনা করলেন যে, আল্লাহর পথে জিহাদ এবং আল্লাহর প্রতি বিশ্বাস স্থাপন করা সর্বোত্তম আমল। এ শুনে একটি লোক দাঁড়িয়ে বলল, 'হে আল্লাহর রস্লু! আপনি বলুন, যদি আমাকে আল্লাহর পথে হত্যা ক'রে দেওয়া হয়, তবে কি আমার পাপরাশি মোচন করে দেওয়া হবে?' রাস্লুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম তাকে বললেন, 'হাাঁ। যদি তুমি আল্লাহর পথে ধৈর্যশীল ও নেকীর কামনাকারী হয়ে (শক্রর দিকে) অগ্রগামী হয়ে এবং পিছপা না হয়ে খুন হও, তাহলে। পুনরায় রাস্লুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম বললেন, তুমি কি যেন বললে? সে বলল, আপনি বলুন, যদি আল্লাহর পথে আমাকে হত্যা করা হয়, তবে কি আমার পাপরাশি মোচন ক'রে দেওয়া হবে? রসূল সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম বললেন, হয়াঁ। যদি তুমি আল্লাহর পথে ধৈর্যশীল ও নেকীর কামনাকারী হয়ে (শক্রর দিকে) অগ্রগামী হয়ে এবং পিছপা না হয়ে (খুন হও, তাহলে)। কিন্তু ঋণ (ক্ষমা হবে না)। কেননা জিবরীল (আঃ) আমাকে এ কথা বললেন।

ফুটনোট

(মুসলিম ৪৯৮৮)



হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন